

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধামরাই, ঢাকা
dhamrai.dhaka.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬১৪.০০০.০৩.০০২.১৮.৭৭৪

তারিখ:

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

পবিত্র ঈদুল আযহা/২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধামরাই উপজেলাধীন নিম্ন বর্ণিত স্থান সমূহে আসন্ন ঈদুল আযহা উপলক্ষে (ঈদের দিন রাত পর্যন্ত) অস্থায়ী পশুর হাট হিসেবে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল বিজ্ঞপ্তিতে বর্ণিত দরপত্র দাখিলের তারিখের পূর্বদিন পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামরাই, ঢাকা হতে নিখারিত মূল্যে বিক্রি হবে। দরপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধামরাই, ঢাকা, এর কার্যালয়ের রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হবে এবং দরপত্রসমূহ বাছাই করা হবে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না।

হাট-বাজার তালিকা ও বিবরণ

ক্রমিক নং	হাট-বাজারের নাম	সম্ভাব্য সরকারি মূল্য	দরপত্রের সিডিউল মূল্য	দরপত্র দাখিলের তারিখ
০১	শরীফবাগ পশ্চিমপাড়া মাঠে (বাজার সংলগ্ন / নদীর তীরবর্তী)	৯০,০০০/- (নব্বাই হাজার টাকা)	৫০০/-	১৯-০৬-২০২৩ খ্রি:
০২	ধামরাই উপজেলার কুল্লা ইউনিয়নের ০৯ নং ওয়ার্ড ফোর্ড নগর বংশী নদীর পশ্চিম পাড়	৮০০,০০০/- (আট লক্ষ টাকা)	২২০০/-	১৯-০৬-২০২৩ খ্রি:

বিস্তারিত শর্তসমূহ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, ধামরাই, ঢাকা হতে জানা যাবে।

শর্তাবলী

- ১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনাতে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপণ করা হইবে।
- ২। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কর্তৃত্ব গ্রহণ করা হইবে।
- ৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অর্থ যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হইবে।
- ৪। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ৫। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
- ৬। দুই বা ততোধিক দরপত্র দাতার সর্বোচ্চ দর একই হইলে লটারীর মাধ্যমে নির্বাচন করা হবে।
- ৭। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
- ৮। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৯। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।
- ১০। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


০৪.৬.২৩

উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ

০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

তারিখ:


স্মারক নম্বর: ০৫.৪১.২৬১৪.০০০.০৩.০০২.১৮.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, ঢাকা
- ২। চেয়ারম্যান, ধামরাই, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা
- ৩। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা
- ৪। অফিসার-ইন-চার্জ, ধামরাই থানা, ধামরাই, ঢাকা
- ৫। ব্যবস্থাপক সোনালী ব্যাংক, ধামরাই শাখা
- ৬। চেয়ারম্যান/সচিব, ইউনিয়ন
পরিষদ, ধামরাই, ঢাকা।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা
ইউনিয়ন ভূমি অফিস, ধামরাই, ঢাকা।
- ৮। নোটিশ বোর্ড, অফিস কপি

(এ দরপত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

(এ দরপত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা।